

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৭০
আগরতলা, ২৩, জানুয়ারি, ২০২৪

মহারাজগঞ্জ বাজারে নেতাজী মূর্তিতে রাজ্যপালের শ্রদ্ধাঞ্জলি

নেতাজী জন্মজয়ন্তী উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ আগরতলার মহারাজগঞ্জ বাজারে নেতাজী মূর্তিতে পুষ্পার্ঘ্য অপর্ণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। নেতাজী মূর্তিতে পুষ্পার্ঘ্য অপর্ণের পর রাজ্যপাল সাংবাদিকদের জানান, ভারতের স্বাধীনতা সংগ্রামে নেতাজীর অবদান স্মরণীয় হয়ে আছে। স্বাধীনতা সংগ্রামে ব্রিটিশদের বিরুদ্ধে লড়াইয়ে তিনি আজাদ হিন্দ বাহিনী গঠন করেছিলেন। রাজ্যপাল একটি সুন্দর সমাজ গঠনে যুব সম্প্রদায়কে নেতাজীর আদর্শে অনুপ্রাণিত হওয়ার আহ্বান জানান। পরে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু নেতাজী জন্মজয়ন্তী উপলক্ষে নেতাজী সুভাষ বিদ্যানিকেতনের আয়োজিত বর্ণাঢ্য শোভাযাত্রাটি দেখেন।
